বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## নভেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৫ নভেম্বর, ২০২৫
সময় : দুপুর ২.৩০ মিনিট
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি অক্টোবর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত ও সংশোধনের প্রয়োজন আছে কিনা জানতে চান। কোন মতামত না থাকায় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে একমত প্রকাশ করেন। | অক্টোবর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ডিপিপি প্রস্তুত করা হয়েছে যা ২৭-১১-২০২৫ তারিখে অনুষ্ঠেয় পরিচালক পর্ষদের ৫০৯তম সভায় উপস্থাপন করা হবে বলে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের বিষয়টি ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে যা দ্রুততম সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হবে। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, প্রসেস প্লান্ট স্থাপন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বর্তমানে প্রসেস প্লান্ট-টি অন্য স্থাপনায় রয়েছে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্রুততম সময়ের মধ্যে প্রসেস প্লান্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ে জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন কাজ বাস্তাবায়নের লক্ষ্যে প্রণীত ডিপিপি-পরিচালক পর্ষদ সভায় উপস্থাপনের পরামর্শ প্রদান করেন এবং দ্রুত কূপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ভূমি হুকুমদখল করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ডিপিপি পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।<br>২। জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন কার্যক্রম শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রকল্প ব্যবস্থাপক, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন প্রকল্প<br>২। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়টি যৌথভাবে তদারকি করা হচ্ছে। এ বিষয়ে প্রকল্প পরিচালকসহ জেলা প্রশাসকের কার্যালয়, ভোলায় সভা অনুষ্ঠিত হয়েছে। ভূমি অধিগ্রহণের বিষয়ে ৮০০ পৃষ্ঠার একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক স্বাক্ষরের জন্য জেলা প্রশাসক বরাবর দাখিল করা হলেও বদলিজনিত কারণে উক্ত প্রতিবেদনে তিনি স্বাক্ষর করেননি। উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, ডিসেম্বর-২০২৫ এর মধ্যে গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের এবং প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য মালামাল আসবে। ফলে, যথাসময়ে ভূমি অধিগ্রহণ করা না হলে নির্ধারিত সময়ের মধ্যে গ্যাস গ্যাদারিং লাইন স্থাপন করা চ্যালেঞ্জিং হবে। তবে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় ভূমি পাওয়া গেছে বলে তিনি সভায় অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালক প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ শুরু করার পরামর্শ প্রদান করেন এবং গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এবং পেট্রোবাংলা প্রান্তে গঠিত কমিটির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ শুরু করতে হবে।<br>২। গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের নিমিত্তে প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পাদন করতে হবে।<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকি করতে হবে।<br>৪। প্রসেস প্ল্যান্ট কমিশনিং এবং গ্যাস সরবরাহের লক্ষ্যে সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এবং পেট্রোবাংলা প্রান্তে গঠিত কমিটির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও প্রকল্প ব্যবস্থাপক জানান যে, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের লক্ষ্যে গঠিত ব্যয় প্রাক্কলন কমিটি কর্তৃক ব্যয় প্রাক্কলন প্রতিবেদন গত ২০ নভেম্বর, ২০২৫ তারিখে দাখিল করা হয়েছে। ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, ডিসেম্বর-২০২৫ এর মধ্যে ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের ডিপিপি পরিচালক পর্ষদ সভায় উপস্থাপন করা সম্ভব হবে বলে আশা করা যায়। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) নতুন রিগ ক্রয়ের উদ্যোগ-কে প্রশংসা করেন এবং বাপেক্স সকল রিগকে যথাযথভাবে ব্যবহারের জন্য পর্যাপ্ত জনবলের প্রয়োজনীয়তার বিষয়টি তুলে ধরেন। ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন এবং বাপেক্সের বর্তমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট নিয়োগযোগ্য শূন্যপদ নির্ধারণ করে একটি প্রস্তাবনা তৈরি করার নির্দেশনা প্রদান করেন। | ১। ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বাপেক্সের বর্তমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট নিয়াগযোগ্য শূন্যপদ নির্ধারণ করে একটি প্রস্তাবনা তৈরি করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)<br>২। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, ডিপিপি একনেক-এ উপস্থাপনের লক্ষ্যে ১৮ নভেম্বর, ২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ হতে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। ডিপিপি অনুমোদিত হলে শ্রীকাইল ডিপ-১ ও মোবারকপুর ডিপ-১ কূপ খননের জন্য আহবায়িত দরপত্রের মূল্যায়নে উর্ত্তীণ দরদাতাকে Notification of Award (NOA) প্রদান করা হবে। ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের কূপ খনন এলাকায় পূর্ত কাজের দরপত্র উন্মোচন করার পর মূল্যায়ন শেষ হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক ডিপিপি অনুমোদিত হলে ঠিকাদারকে NOA প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নকরণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, CCDC কূপ খননের জন্য আসার পূর্বে রাস্তা এবং Site প্রস্তুত রাখার এবং বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর সমন্বয়ে চা বাগানের মালিক পক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ কমানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। একনেক সভায় প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্লানিং কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। ডিপিপি অনুমোদিত হলে ঠিকাদারকে NOA প্রদান করতে হবে।<br>৩। CCDC কূপ খননের জন্য আসার পূর্বে রাস্তা এবং Site প্রস্তুত রাখতে হবে।<br>৪। কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>৫। বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর সমন্বয়ে চা বাগান মালিক পক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৬। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, ৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার জন্য জিডিএফ-এ সংগৃহীত অর্থে বাস্তবায়িতব্য প্রকল্প হিসেবে বিবেচনার লক্ষ্যে ২৬ অক্টোবর, ২০২৫ তারিখে প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ২৭.১১.২০২৫ তারিখে অনুষ্ঠেয় পরিচালক পর্ষদের ৫০৯তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে। ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে পরিচালক পর্ষদের ৫০৯তম সভায় কার্যপত্র উপস্থাপন করার পরামর্শ প্রদান করেন। | ১। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে পরিচালক পর্ষদের ৫০৯তম সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |
| ৭। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাক (নিরীক্ষা) জানান যে, বাপেক্স এর বর্তমানে মোট ৩০৪টি নিরীক্ষা আপত্তি রয়েছে। পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বাপেক্সের অডিট আপত্তিসমূহের ক্যাটাগরি নির্ধারণের কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে, বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে একটি ফলপ্রসূ সভা হয় অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় অডিট আপত্তিসমূহের ব্যাখ্যা/মতামত প্রদান করা হয়েছে। ফলে, বাপেক্সে এর আরো কিছু অডিট আপত্তি নিষ্পত্তি হবে বলে আশা করা যায়। তিনি আরো জানান যে, ০১ ডিসেম্বর ২০২৫ তারিখে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হবে। ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা হ্রাসের উপর গুরুত্বারোপ করেন। | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা কমাতে হবে।<br>২। বাপেক্সের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার এবং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নথি উপস্থাপনের পরামর্শ প্রদান করেন। | | |
| ৮। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। সভায় কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার এলাকায় স্থানান্তর এবং দ্রুত পূর্ত কাজ সম্পন্নের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ০৯। | বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তর | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তরের জন্য গঠিত কমিটির তত্ত্বাবধানে ইতোমধ্যে দুই ট্রিপ অকেজো মালামাল রূপগঞ্জ-১ এ স্থানান্তর করা হয়েছে। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে প্রকৌশল বিভাগ কর্তৃক ট্রাক সরবরাহের প্রেক্ষিতে বাপেক্স ভবনের অবশিষ্ট অকেজো মালামাল স্থানান্তর করা হবে। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বিজিএফসিএল এর অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালার আলোকে বাপেক্সের জন্য একটি নীতিমালা প্রণয়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত বাপেক্স ভবনের অবশিষ্ট অকেজো মালামাল স্থানান্তরের পরামর্শ প্রদান করেন। এছাড়াও, BGFCL হতে অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালা সংগ্রহপূর্বক বাপেক্সের জন্য একটি নীতিমালা প্রণয়নপূর্বক ০২.১২.২০২৫ তারিখে অনুষ্ঠেয় পরিচালক পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্সের অকেজো মালামাল দ্রুত অপসারণ/ স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বিজিএফসিএল এর অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালার আলোকে বাপেক্সের জন্য একটি নীতিমালা প্রণয়ন করতে হবে।<br>৩। বাপেক্সের অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালা প্রণয়নপূর্বক আগামী ০২.১২.২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য পরিচালক পর্ষদের সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। উপমহাব্যবস্থাপক (ভান্ডার) |
| ১০। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ইতোমধ্যে সেমুতাং-৬ কূপের যাতায়াতের রাস্তার কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে বলে নির্মাণ বিভাগ অবহিত করেছে। তিনি আরো জনান যে, সেমুতাং-৬ কূপে নিরাপত্তা জোরদার করা অতীব জরুরি। অন্যথায় কূপ খননের সময় নিরাপত্তাজনিত বিঘ্ন ঘটার সম্ভাবনা রয়েছে। তাই, সেমুতাং-৬ কূপ খননের সময় নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে স্থানীয় প্রশাসন/পুলিশ এবং সেনাবাহিনীর সহযোগীতা নেয়া প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে রিগ ও খনন সংক্রান্ত মালামাল স্থানান্তর কাজ খনন বিভাগ, নির্মাণ বিভাগ ও প্রকৌশল বিভাগের সমন্বয়ে দ্রুত সম্পন্ন করার পরামর্শ প্রদান | ১। দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় রিগ ও খনন সংক্রান্ত মালামাল স্থানান্তর কাজ খনন বিভাগ, নির্মাণ বিভাগ ও প্রকৌশল বিভাগের সমন্বয়ে দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৩। সেমুতাং-৬ কূপ খননের সময় নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে জেলা প্রশাসক ও পুলিশ | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে সার্বিক বিষয় অবহিত করে জেলা প্রশাসক ও পুলিশ সুপার, খাগড়াছড়ি বরাবর পত্র প্রেরণ করতে হবে। | সুপার, খাগড়াছড়ি বরাবর পত্র প্রেরণ করতে হবে। | |
| ১১। | শাহবাজপুর-৩ ও ৪ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত মোতাবেক বিয়ানীবাজার কূপ ওয়ার্কওভার সম্পন্ন শেষে শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার এলাকায় আইপিএস কার্ডওয়েল রিগ স্থানান্তর করা হবে। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, শাহবাজপুর-৩ ও ৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য বিভাগওয়ারী প্রাক্কলন চাওয়া হয়েছে। প্রাপ্ত প্রাক্কলন যাচাইয়ের পর প্রশাসন বিভাগের মাধ্যমে কমিটি গঠনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক শাহবাজপুর-৩ ও ৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য সংশ্লিষ্ট কমিটিকে কারিগরি ও আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার পরামর্শ প্রদান করেন। | ১। শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুত স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১২। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতকর্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপনের লক্ষ্যে একটি দরপত্র আহবান করা হয়েছে। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনে স্থাপিত লিফট (Elevator) এর বিভিন্ন Parts এর ব্যবহারকাল/মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান আছে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (এইচএসই) জানান যে, গত ২০ নভেম্বর ২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণায়লে নিরাপত্তা সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় অগ্নিকান্ডের বিষয়ে সতকর্তামূলক ব্যবস্থা গ্রহণসহ আরো কিছু নির্দেশনা প্রদান করা হয়। যার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৩০ নভেম্বর ২০২৫ এর মধ্যে প্রেরণ করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক উল্লিখিত নির্দেশনা অনুযায়ী বাপেক্স এর সাথে সংশ্লিষ্ট বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করার পরামর্শ | ১। বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দ্রুত বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপন এবং বাপেক্স ভবনের ঝুঁকিপূর্ণ গ্যাস সংযোগগুলোর স্যানিটারি ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে বিকল্প ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বাপেক্স ভাবনে স্থাপিত লিফট (Elevator) এর বিভিন্ন Parts এর ব্যবহারকাল/মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br>৩। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রদান করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ভূমিকম্পের সময় করণীয় বিষয়ে দিকনির্দেশনা/মতামত প্রদানের জন্য মহাব্যবস্থাপক (নির্মাণ) এর দৃষ্টি অকর্ষণ করলে তিনি ভূকম্পন অনুভূত হলে আতঙ্কিত না হয়ে বিম, কলাম ও পিলার ঘেঁষে আশ্রয় নিতে হবে এবং কাপড় দিয়ে মুখ ঢেকে রাখতে হবে যাতে ধুলোবালি শ্বাসনালিতে না ঢোকে। ৪র্থ তলার ওপর থাকলে কম্পন বা ঝাঁকুনি না থামা পর্যন্ত অপেক্ষা করতে হবে; তাড়াহুড়ো করে লাফ দিয়ে বা লিফট ব্যবহার করে নামা সমীচীন হবে না। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে নিয়মিত তদারকিপূর্বক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপনের পরামর্শ প্রদান করেন। এছাড়া, বাপেক্স ভবনে স্থাপিত লিফট (Elevator) এর বিভিন্ন Parts এর ব্যবহারকাল/মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ৪। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী বাপেক্স এর সাথে সংশ্লিষ্ট বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি ৩০ নভেম্বর ২০২৫ এর মধ্যে প্রেরণ করতে হবে। | ৪। উপমহাব্যবস্থাপক (এইচএসই) |
| ১৩। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ | ১৩.১। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল সংরক্ষণ করার জন্য ১টি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। দ্রুততম সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হবে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৩.২। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য ০৮টি দরপত্রের মধ্যে ০৪টি দরপত্রের বিপরীতে ক্রয়াদেশ (Purchase Order) দেয়া হয়েছে। শেভরন (বাংলাদেশ) লিঃ হতে খনন সংশ্লিষ্ট ১৬১ প্রকার মালামাল পাওয়া যাবে বিধায় অবশিষ্ট ০৪টি দরপত্র বাতিল করা হয়েছে। ওর্য়াকওভার কূপে ডুয়েল কম্প্লিশনের সম্ভাবতা যাচাইয়ের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের ব্যবস্থা গ্রহণের পক্ষে একমত প্রকাশ করা হয়। এছাড়া, প্রকল্পসমূহের মালামাল যথাসময়ে ক্রয় করার পরামর্শ প্রদান করেন। | বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৩.৩। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান যে, দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপন করার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক করিগরি বিনির্দেশ (Technical Specifiacation) প্রস্তুত হয়েছে। গত ২০.১১.২০২৫ তারিখে করিগরি বিনির্দেশ ও প্রাক্কলন প্রতিবেদন দাখিল করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়সহ বাপেক্স এর অন্যান্য স্থাপনায় সোলার প্যানেল স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>৩। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |
| | | ১৩.৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, আইনী মতামত গ্রহণপূর্বক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে গত ০৭.১০.২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। পেট্রোবাংলার সাথে যোগাযোগ অব্যাহত আছে। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের নিজস্ব মালিকানায় আনার লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের নিজস্ব মালিকানায় আনার লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | | ১৩.৫। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাবের প্রতিবেদন দাখিল আরও যৌক্তিক ভাবে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় কাজ চলমান রয়েছে। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) দ্রুত সময়ের মধ্য এবিষয়ে সভা অনুষ্ঠিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব প্রেরণ করা খুবই গুরুত্বপূর্ণ। তাই, সংশ্লিষ্ট কমিটিকে প্রতিবেদন দাখিলের পূর্বে আরো যৌক্তিক করার এবং দ্রুত প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স কর্তৃক জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এ প্রেরণের পূর্বে আরো যৌক্তিক করতে হবে এবং দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৩.৬। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, আসবাবপত্র ক্রয়ের নতুন নীতিমালা প্রণয়ন না হওয়ায় বাপেক্স-এ দীর্ঘদিন যাবত আসবাবপত্র ক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে। চাহিদার আলোকে প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত যাচাই-বাছাই কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে, নির্দেশনা অনুযায়ী আসবাবপত্র মেরামত কার্যক্রম চলমান আছে। হিসাব ও অর্থ বিভাগ এবং সেবা উপবিভাগ কর্তৃক ৬০টি চেয়ার ইতোমধ্যে মেরামত করা হয়েছে। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) বোর্ড রুমের চেয়ারসমূহ মেরামত করার প্রস্তাব করেন। ব্যবস্থাপনা পরিচালক সরকারের কৃচ্ছ্রসাধন নীতিমালার বিষয়টি বিবেচনা করে মেরামতযোগ্য আসবাবপত্রসমূহ মেরামত করে পুনরায় ব্যবহারের পরামর্শ প্রদান করেন। তিনি বাপেক্স বোর্ড রুমের চেয়ারসমূহ মেরামত করার | ১। নীতিমালা অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সরকারের কৃচ্ছ্রসাধন নীতিমালার বিষয়েটি বিবেচনা করে মেরামতযোগ্য আসবাবপত্রসমূহ মেরামত করে পুনরায় ব্যবহার করতে হবে।<br>৩। বাপেক্স বোর্ড রুমের চেয়ারসমূহ মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৩.৭। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স এর গাড়ীসমূহের মন্ত্রণালয়ের কোড/রেজিষ্ট্রেশন না থাকায় বিভিন্ন গ্যাসক্ষেত্র/স্থাপনায় যাতায়াতে অসুবিধার সম্মুখীন হওয়ায় বিষয়টি সুরাহার লক্ষ্যে অর্থ বিভাগে সংশ্লিষ্ট ডেক্স অফিসারের সাথে যোগাযোগ করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে ইউনিক কোড পাওয়া যাবে বালে আশা করা যায়। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বাপেক্স এর মেরামতযোগ্য গাড়িসমূহ মেরামত করার বিষয়ে কমিটির প্রতিবেদন দাখিলের পর চাহিদাপত্র না পাওয়ায় মেরামতের উদ্যোগ নেয়া হয়নি। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বাপেক্সের মেরামতযোগ্য গাড়ীগুলোর ব্যবহারকাল (Lifetime) ১০ (দশ) বছরের অধিক হওয়ায় মেরামত করা হলে প্রশ্নবিদ্ধ হতে পারে বলে গাড়িসমূহ মেরামতের চাহিদাপত্র প্রেরণ করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর পুরাতন গাড়িসমূহ মেরামতের জন্য বাজেট আছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, এ খাতে পর্যাপ্ত বাজেট আছে। তবে, ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে ব্যয় করতে না পারলে সংশোধিত বাজেটে এ খাতে অর্থ বরাদ্দ রাখা সম্ভব হবে না। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব সভায় বলেন, যে কোম্পানির গাড়ি সেই কোম্পানির সার্ভিস সেন্টারে মেরামত করা হলে গুণগতমান ভালো হয় এবং দীর্ঘদিন মানসম্মত সেবা পাওয়া যায়। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক গাড়ীসমূহের মন্ত্রণালয়ের রেজিস্ট্রেশন/কোড প্রদানের বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। তিনি মেরামতযোগ্য গাড়িসমূহের মধ্যে কমপক্ষে ০২ (দুই)-টি গাড়ী মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স এর গাড়ীসমূহের মন্ত্রণালয়ের রেজিস্ট্রেশন/কোড প্রদানের বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। বাপেক্স এর মেরামতযোগ্য গাড়িসমূহের মধ্যে কমপক্ষে ০২ (দুই)-টি গাড়ী মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | ১৩.৮। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খননের সময় উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে প্রস্তাবিত মনিটরিং কমিটি গত ২৯ অক্টোবর, ২০২৫ তারিখে গঠন করা হয়েছে। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, কমিটির কার্যপরিধি (ToR)-এ কমিটি শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খননের সময় উদ্ভুত সমস্যা নিরসনের লক্ষ্যে মনিটরিং করবে এবং প্রকল্পের আর্থিক/প্রশাসনিক বা কাজের শৃঙ্খলা অনুযায়ী কূপ খনন কাজ হচ্ছে কিনা সেটি তদারকি করবে মর্মে উল্লেখ করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খননের সময় উদ্ভুত সমস্যা নিরসনের লক্ষ্যে মনিটরিং এর লক্ষ্যে গঠিত কমিটির কার্যপরিধি (ToR)-তে "প্রকল্পের আর্থিক/প্রশাসনিক বা কাজের শৃঙ্খলা অনুযায়ী | ১। শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খননের সময় উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে মনিটরিং এর লক্ষ্যে গঠিত কমিটির কার্যপরিধি (ToR)-তে "প্রকল্পের আর্থিক/প্রশাসনিক বা কাজের শৃঙ্খলা অনুযায়ী কূপ খনন কাজ হচ্ছে কিনা সেটি তদারকি করবে" উল্লেখপূর্বক সংশোধিত দপ্তর আদেশ জারি করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (খনন) ও প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প। |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কূপ খনন কাজ হচ্ছে কিনা সেটি তদারকি করবে। এবং প্রকল্পের আর্থিক/প্রশাসনিক বা কাজের শৃঙ্খলা অনুযায়ী কূপ খনন কাজ হচ্ছে কিনা সেটি তদারকি করবে” উল্লেখপূর্বক সংশোধিত দপ্তর আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৩.৯। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) জানান যে, বাপেক্স এর আমদানীকৃত মালামাল/যন্ত্রপাতির Pre-Shipment Inspection (PSI) সঠিকভাবে না হওয়ায় বন্দর হতে মালামাল/যন্ত্রপাতি খালাসের সময় অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। এছাড়ও, কিছু ক্রয়াদেশ এর বিপরীতে Post Landing Inspection (PLI) করা হচ্ছে যা সঠিক নয়। পরিশেষে, সভায় ডিপিপি/ক্রয়াদেশ-এ Pre-Shipment Inspection (PSI) যথাযথভাবে সম্পাদন করার এবং জটিলতা এড়ানোর লক্ষ্যে Post Landing Inspection (PLI) উল্লেখ না করার পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। ডিপিপি/ক্রয়াদেশ-এ Pre-Shipment Inspection (PSI) যথাযথভাবে সম্পাদন করার বিষয়ে উল্লেখ করতে হবে।<br>২। জটিলতা এড়ানোর লক্ষ্যে ডিপিপি/ক্রয়াদেশ-এ Post Landing Inspection (PLI) উল্লেখ করা যাবে না। | ১। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| | | ১৩.১০। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বাপেক্সে যে ৬৯ জন নতুন কর্মকর্তা যোগদান করেছেন তাদেরকে কোম্পানির কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে ওরিয়েন্টশন প্রোগ্রাম আয়োজন করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক যোগদানকৃত নতুন কর্মকর্তাদের ওরিয়েন্টশন প্রোগাম শেষে যথাযথভাবে পদায়নের নির্দেশনা প্রদান করেন। | যোগদানকৃত নতুন কর্মকর্তাদের ওরিয়েন্টশন প্রোগাম শেষে যথাযথভাবে পদায়ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রকৌশলী মোঃ ফজলুল হক
সভাপতি
মাসিক সমন্বয় সভা এবং
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ............................................................ বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................................ বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক ................................ বাপেক্স।
৪) অফিস কপি।